দৈনিক ইত্তেফাক

তারিখ 13 NOV 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

০১

## পলিটেকনিকে দুই শিফট

# আরও পাঁচ হাজার ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পাইবে

**রেজানুর রহমান ।।** আগামী জানুয়ারী মাস হইতে দেশের ২০টি পলিটেকনিক ইনষ্টিটিউটে দ্বিতীয় শিফটের ক্লাস শুরু হইবে। ৩ বছর মেয়াদী এই ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে প্রতি বছর অতিরিক্ত প্রায় ৫ হাজার ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পাইবে। বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে কারিগরি শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা অধিদপ্তর সম্প্রতি এই সিদ্ধান্ত গ্রহণ করে। বোর্ড ও অধিদপ্তর হইতে সকল পলিটেকনিক ইনষ্টিটিউটে দ্বিতীয় শিফটে ভর্তির প্রয়োজনীয় নির্দেশাবলী প্রেরণ করা হইয়াছে। ১৯৯১

(শেষ পৃ:৭-এর ক: দ্র:)

## পলিটেকনিকে দুই শিফট

( ১ম পৃ: পর )

সাল হইতে ১৯৯৪ সাল পর্যন্ত দ্বিতীয় বিভাগে এস,এসসি (অংকে কমপক্ষে ৪৫ নম্বর প্রাপ্ত) উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা দ্বিতীয় শিফটে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে। ২২শে ডিসেম্বর সকল পলিটেকনিক ইনষ্টিটিউটে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ২৫শে জানুয়ারী হইতে দ্বিতীয় শিফটের ক্লাশ শুরু হইবে। প্রতিদিন সকাল সাড়ে ১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত ক্লাস চলিবে।

এস,এস,সি, অথবা এইচ এসসি উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের দেশ ও বিদেশে মর্যাদা পূর্ণ পেশায় নিযুক্তির যোগ্যতা অর্জনের লক্ষ্যে পলিটেকনিক ইনষ্টিটিউটসমূহে দ্বিতীয় শিফট চালুর এই সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। এজন্য আগামী বছর হইতে ১১টি ইনষ্টিটিউটে নূতন ডিপার্টমেন্টও খোলা হইবে।

উল্লেখ্য, দ্বিতীয় শিফট চালুসহ ৯ দফা দাবী আদায়ের লক্ষ্যে দেশের ২০টি পলিটেকনিক ইনষ্টিটিউট একযোগে ধর্মঘট শুরু করে। সরকারী আশ্বাসের প্রেক্ষিতে ৩৪ দিন পর ধর্মঘট প্রত্যাহার করিয়া নেওয়া হয়। ধর্মঘট জনিত ক্ষতি পোষাণোর লক্ষ্যে শিক্ষক সমিতি রমজান মাসের প্রথম ১৫ দিন অতিরিক্ত ক্লাস করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

পলিটেকনিক ইনষ্টিটিউটসমূহে দ্বিতীয় শিফট চালু করার সরকারী সিদ্ধান্তের প্রতি অভিনন্দন জ্ঞাপন করিয়া পলিটেকনিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক শামসুর রহমান বলিয়াছেন, সরকারের এই উদ্যোগ কারিগরি শিক্ষার উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করিবে।